



পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ

Office of the Controller of Examinations
Rabindra University, Bangladesh
Website : www.rub.ac.bd



স্মারক : রবিবা/পনিদ/শিক্ষার্থী ফরম পূরণ/০৭/২০১৯/১৫৪৬

তারিখ : ০৭.০৯.২০২৩


বিজ্ঞপ্তি

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর ব্যবসায় শিক্ষা অনুষদের অন্তর্ভুক্ত ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের বিবিএ (সম্মান) ২য়, ৩য়, ও ৪র্থ বর্ষ (শিক্ষাবর্ষ : ২০২০-২০২১, ২০১৯-২০২০ ও ২০১৮-২০১৯) সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষায় অংশগ্রহণ ফরম পূরণের কার্যক্রম আগামী ১০.০৯.২০২৩ হতে ২৪.০৯.২০২৩ তারিখ পর্যন্ত চলবে। এ-লক্ষ্যে পরীক্ষার্থীদের নিজ বিভাগ থেকে পরীক্ষায় অংশগ্রহণ ফরম সংগ্রহ করে বিবিধ জমা রসিদের মাধ্যমে ২য়, ৩য়, ও ৪র্থ বর্ষ পরীক্ষার্থীদের গ্রেডশিট বাবদ ১০০.০০ (একশত) টাকা এবং মানোন্নয়ন পরীক্ষার্থীদের কোর্স প্রতি ৫০০.০০ (পাঁচশত) টাকা ও গ্রেডশিট বাবদ ১০০.০০ (একশত) টাকা জনতা ব্যাংক লিমিটেড, শাহজাদপুর, সিরাজগঞ্জ শাখায় জমা প্রদান করে পরীক্ষায় অংশগ্রহণ ফরম যথাযথভাবে পূরণপূর্বক বিভাগীয় অফিসে জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, টাকা জমা প্রদানের রসিদ অবশ্যই পরীক্ষায় অংশগ্রহণ ফরম-এর সাথে সংযুক্ত করতে হবে।

ফলোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলি :

- ফলোন্নয়ন পরীক্ষা অব্যবহিত পরবর্তী বর্ষের নিয়মিত ব্যাচের সঙ্গে একবারই দেওয়া যাবে। ফলোন্নয়ন পরীক্ষার জন্য ক্লাস করতে হবে না।
- ফলোন্নয়ন পরীক্ষা শুধু চূড়ান্ত পরীক্ষার লিখিত অংশে অনুষ্ঠিত হবে। মধ্যমেয়াদি, টিউটোরিয়াল, অ্যাসাইনমেন্ট, ফিল্ডওয়ার্ক, ব্যবহারিক, মৌখিক পরীক্ষাসহ অন্যান্য পরীক্ষার পূর্বের নম্বর অপরিবর্তিত থাকবে। কোনো শিক্ষার্থী ফলোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করলে একাডেমিক ট্রান্সক্রিপ্টে 'ফলোন্নয়ন' শব্দটি লেখা হবে।
- কোনো শিক্ষার্থী B গ্রেড পেলে সে পরবর্তী ব্যাচের সঙ্গে ফলোন্নয়ন পরীক্ষা দিতে পারবে। এক্ষেত্রে দুটোর মধ্যে সর্বোচ্চটি গৃহীত হবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-



(আনোয়ার হোসেন)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- মাননীয় ট্রেজারার মহোদয়, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- রেজিস্ট্রার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- চেয়ারম্যান, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- সহকারী প্রোগ্রামার, রেজিস্ট্রার দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ (ওয়েবসাইট-এ আপলোডের অনুরোধসহ)
- নোটিশ বোর্ড, দপ্তর/বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ শাহজাদপুর, সিরাজগঞ্জ
- সংশ্লিষ্ট নথি।